তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক ইত্তেফাক

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখার অঙ্গীকার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখিতে বিভিন্ন ছাত্র সংগঠনের ছাত্র নেতৃবৃন্দ

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ

(১ম পৃ: পর)

অঙ্গীকারাবদ্ধ হইয়াছেন। ক্যাম্পাসে ক্রিয়াশীল সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এই সভায় উপস্থিত ছিলেন। সভায় ছাত্র নেতৃবৃন্দ ঐকমত্য পোষণ করেন যে, বিশ্ববিদ্যালয়ের হলসহ সামগ্রিক ক্যাম্পাসে বহিরাগত, অছাত্র, অবৈধ অস্ত্রধারী, মাস্তান ও সন্ত্রাসীদের আনাগোনা বন্ধ করার জন্য সকল ছাত্র সংগঠন কার্যকর ভূমিকা পালন করিবে। অছাত্র ও বহিরাগত মাস্তানদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ প্রশাসন নিরপেক্ষ ভাবে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন। তাহাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গৃহীত হইলে ছাত্র সংগঠন তাহাদের পক্ষে কোন বক্তব্য প্রদান করিবে না।

ক্যাম্পাসে কোন অবাঞ্ছিত ও অপ্রীতিকর ঘটনা ঘটিলে ছাত্র নেতৃবৃন্দ পারস্পরিক আলোচনার মাধ্যমে তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ করিবে। সভায় ছাত্র সংগঠনগুলির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রদলের যুগ্ম সম্পাদক শহীদউদ্দিন চৌধুরী এ্যানি, মোশাররফ হোসেন, মনির হোসেন, ছাত্রলীগের (শা-পা) সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না। ছাত্রলীগের (কা-চু) ওবায়দুর রহমান চুন্নু, ছাত্রমৈত্রীর জিয়াউল হক জিয়া, জাতীয় ছাত্রলীগের সুরঞ্জন ঘোষ প্রমুখ।